গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো**
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা
www.bomd.gov.bd

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর মার্চ ২০২১ মাসের অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ নুরুন্নবী, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো
তারিখ : ১৬ মার্চ ২০২১
সময় : ০৩.০০ টায়
স্থান : খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সভা কক্ষ।

উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সভার শুরুতে সকলকে করোনা পরিস্থিতিতে স্বাস্থ্য বিধি মেনে কাজ করতে বলেন। স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রণীত গাইডলাইন সকলকে অনুসরণ করে কাজ করার নির্দেশনা প্রদান করেন। সভাপতি সভার শুরুতে এ ব্যুরোর সার্বিক কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা করেন। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

১। গত ২৪.০২.২০২১ তারিখে অনুষ্ঠিত অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

২। গত ২৪.০২.২০২১ তারিখে অনুষ্ঠিত অভ্যন্তরীণ সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ | **১৭ মার্চ ও ২৬ মার্চ ২০২১ জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন**<br>চলমান বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর কারণে মুজিব বর্ষের সময়কাল পূর্ব ঘোষিত ১৭ মার্চ ২০২০ তারিখ হতে মার্চ ২০২১ তারিখের পরিবর্তে ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে ১৭ মার্চ ২০২১ তারিখে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে মর্মে নির্দেশনা রয়েছে। উপপরিচালক জানান, বিএমডির অফিস ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের ০১ (এক) টি মাত্র ফ্লোরে অবস্থান হওয়ায় এবং ভবনের মূল মালিক জিএসবি হওয়ায় এই নির্দেশনা জিএসবি কর্তৃক প্রতিপালিত হবে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের গত ০৩.০৩.২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে এবং খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর নিজস্ব কর্মসূচি গ্রহণ করার বিষয়ে আলোচনা হয় এবং ১০ দিন ব্যাপী কর্মসূচি প্রনয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১৭ মার্চ ও ২৬ মার্চ ২০২১ জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে ১০ দিনব্যাপী কর্মসূচি প্রনয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ২.২ | **e-Licence and Lease Management system বাস্তবায়ন :**<br>রুপকল্প, ২০২১ এবং ডিজিটাল বাংলাদেশ বিনীর্মাণের লক্ষ্যেকে সামনে রেখে মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই-এর সহায়তায় খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সকল নাগরিক সেবাকে ডিজিটাল ই-সেবায় রুপান্তরের নিমিত্ত ই-সার্ভিস রোডম্যাপ, ২০২১ প্রণয়ন করা হয়। এছাড়া, জাতীয় তথ্য প্রযুক্তি নীতিমালা, ২০১৮-এর কৌশলগত উদ্দেশ্য অনুযায়ী সকল নাগরিক সেবাকে ২০২১ সালের মধ্যে শতভাগ ডিজিটাল ই-সেবায় রুপান্তরের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা রয়েছে। বিএমডির নাগরিক সেবাসমূহকে (অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারা) ই-সেবায় রূপান্তরের নিমিত্ত e-Licence and Lease Management system নামক একটি সফটওয়্যার তৈরির কাজ বর্তমান চলমান রয়েছে। ই-সেবাটির অগ্রগতির বিষয়ে সভাপতি জানতে চাইলে বিএমডির সহকারী পরিচালক (ভূ-রসায়ন) ও ই-সেবা সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা আজিজুল হক জানান, e-Licence and Lease Management system সফটওয়্যারটি বর্তমানে 'System Deployment and User Acceptance Test' পর্যায়ে রিভ সিস্টেম কর্তৃক বিভিন্ন ফিচার তুলে ধরা হয়। কমিটির সদস্যগণ তাদের ফিডব্যাক/মতামত অনুযায়ী ফিচারসমূহ পরিবর্তন করা হয়েছে কিনা পরীক্ষা করে দেখেন। রিভ সিস্টেম কর্তৃক User Acceptance Test (UAT) রিপোর্টসহ 'System Deployment Acceptance Test' ধাপে দাখিলকৃত ডেলিভারেবল কমিটি কর্তৃক অনুমোদন করা হয়। বিস্তারিত আলোচনা শেষ সভাপতির সফটওয়ারটি পাইলটিং শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন। | e-Licence and Lease Management system সফটওয়ার পাইলটিং কার্যক্রম শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক (ভূ-রসায়ন) |
| ২.৩ | **তৃতীয় শ্রেণির কর্মচারী নিয়োগ**<br>সভাপতি নিয়োগ কার্যক্রম সম্পর্কে জানতে চাইলে উপপরিচালক জনাব মো: মামুনুর রশীদ বলেন, বিএমডির ০৩ (তিন)টি ক্যাটাগরির (ড্রাফটসম্যান, সার্ভেয়ার ও কম্পিউটার অপারেটর/পি.এ) ০৫ (পাঁচ) টি তৃতীয় শ্রেণির কর্মচারীদের শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত ০৫.০১.২০২১ তারিখ নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয়। নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদনের সাথে আবেদন ফি বাবদ ১১২/- (একশত বারো) টাকা জমা দেওয়ার বিধান রয়েছে। আবেদন অনুযায়ী পরীক্ষা ফি বাবদ ২,৮৪,৮০০/- (দুই লক্ষ চুরাশি হাজার আটশত) টাকা জমা হয়েছে। টেলিটক বাংলাদেশ লিমিটেড প্রাপ্ত টাকা চেক মহাপরিচালক, বিএমডি বরাবর ১০.০৩.২০২১ তারিখে জমা প্রদান করেছেন মর্মে উপপরিচালক জানান। সভাপতি উক্ত টাকা | (ক) লিখিত পরীক্ষা যথা সময়ে যথাযথভাবে সম্পন্ন করতে হবে।<br>(খ) নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সকল বিধিবিধান প্রতিপালন করতে হবে।<br>(গ) নিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতা নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

-৬০৫-

| | | | |
|---|---|---|---|
| | সরকারের রাজস্ব খাতে জমা প্রদান করার নির্দেশনা প্রদান করেন। সভাপতি পরবর্তী লিখিত পরীক্ষা গ্রহণ এবং এ সংক্রান্ত অন্যান্য নিয়োগ কার্যক্রম যথা সময়ে যথাযথভাবে সম্পন্ন করার জন্য সকলকে নির্দেশ প্রদান করেন। | | |
| ২.৪ | **খনি/কোয়ারি সরেজমিন পরিদর্শন**<br>সভাপতি বলেন, ইজারাগ্রহীতা কর্তৃক দেশের বিভিন্ন খনি ও কোয়ারিতে খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ এর বিধি-বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করে খনি এবং কোয়ারি কার্যক্রম পরিচালনা করা হচ্ছে কিনা তা তদারকির জন্য বিএমডি কর্তৃক নিয়মিত সরেজমিন পরিদর্শন কার্যক্রম পরিচালনা করতে হবে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ২৫ (পঁচিশ) টি সরেজমিন পরিদর্শন প্রতিবেদন দাখিলের লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যে ২০ টি সরেজমিন পরিদর্শন প্রতিবেদন দাখিল হয়েছে মর্মে উপপরিচালক (খনি ও খনিজ ) (চলতি দায়িত্ব) সভাকে অবহিত করেন। সভাপতি মার্চ, ২০২১ এর তৃতীয় সপ্তাহে সিলেটে কোয়ারি সরেজমিন পরিদর্শনের নির্দেশনা প্রদান করেন। খনিজ সম্পদের অবৈধ উত্তোলন বন্ধে স্থানীয় প্রশাসনের সমন্বয়ে একযোগে কাজ করার ব্যবস্থা করতে হবে। | ক) প্রতি মাসে কোয়ারি পরিদর্শন বাড়াতে হবে এবং উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে যোগাযোগ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) অঞ্চল ভিত্তিক পরিদর্শন করে হালনাগাদ তথ্য উপস্থাপন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ২.৫ | **ইন-হাউজ প্রশিক্ষণ**<br>দপ্তরের কর্ম পরিবেশ উন্নয়ন এবং কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। অফিস ব্যবস্থাপনা, ই-ফাইলিং, সেবা সহজীকরণ প্রভৃতি বিষয়ের উপর প্রশিক্ষণের ক্ষেত্রে গুরত্বারোপ করা হয়। | কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির জন্য বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের ব্যবস্থা হিসেবে দপ্তরে ইন-হাউজ প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ২.৬ | **অডিট আপত্তি নিষ্পত্তি**<br>বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অডিট আপত্তির বিষয়টি অন্তর্ভূক্ত। ফলে অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ। অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক জোর নির্দেশনা প্রদান করা হয়েছে। এই দপ্তরে ২৪ টি অডিট আপত্তি রয়েছে। যার মধ্যে ১৮ (আঠার) টি সাধারণ আপত্তি এবং ৬ (ছয়) টি অগ্রিম আপত্তি। কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কার্যালয়ের ১৪.০৬.২০২০ তারিখের সিএজি/এএন্ডআর উইং(প্রশা)/২০১৯-২০ /১৫/২৬ নং স্মারকে ১৯৭১-৭২ অর্থবছর | সাধারণ আপত্তিসমূহ নিষ্পত্তির নিমিত্ত বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরে তারিখ নির্ধারণ ও প্রতিনিধি মনোনয়নের জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক (ভূ-তত্ত্ব) |

|  |  |  |  |
|---|---|---|---|
|  | থেকে ২০০৯-১০ অর্থবছর পর্যন্ত সকল সাধারণ আপত্তি নিষ্পত্তি হিসেবে গণ্য করার সিদ্ধান্ত প্রদান করেছেন। বিএমডির ১৮ টি অডিট আপত্তির মধ্যে ১৪ টি আপত্তি বর্ণিত সময়কালের অর্ন্তভূক্ত এবং বাকি ০৪ টি ২০০৮-১৩ সময়কালের অর্ন্তভূক্ত। সহকারী পরিচালক (ভূ-তত্ত্ব) জানান, ইতোমধ্যে বিএমডির অপর ৬ (ছয়) টি অগ্রিম আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রিপক্ষীয় সভা আহবানের লক্ষ্যে অডিট আপত্তির তালিকাসহ কার্যপত্র তৈরী করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে। সভাপতি সাধারণ আপত্তিসমূহ নিষ্পত্তির নিমিত্ত বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরে তারিখ নির্ধারণ ও প্রতিনিধি মনোনয়নের জন্য পত্র প্রেরণ করতে বলেন। |  |  |

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত
**(মোঃ নুরুন্নবী)**
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ৮৩৯১৫৬৭
ফ্যাক্স : ৯৩৩৪২১৫
ই-মেইল : dg@bomd.gov.bd

নং-২৮.০৭.০০০০.০০৪.০৬.০০৮.১৮.২৭০

তারিখ : ০৭ চৈত্র ১৪২৭
২১ মার্চ ২০২১

অনুলিপি : অবগতি/অবগতি ও কার্যার্থে

১। সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
২। উপপরিচালক (সকল),............... বিএমডি, ঢাকা;
৩। সহকারী পরিচালক (সকল)......................................... বিএমডি, ঢাকা;
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমডি, ঢাকা;
৫। অফিস কপি।

২৭.০৬.২০২৭

**মোসাঃ মাহবুবা খাতুন**
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)